

ত্রিপুরা সরকার
তফসিলী জাতি এবং অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর
ত্রিপুরা ঃ আগরতলা

বিজ্ঞপ্তি

ত্রিপুরা সরকারের তফসিলী জাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে শর্ত সাপেক্ষে বর্হিরাজ্যে নিম্নলিখিত কোর্সে ভর্তির জন্য উপযুক্ত তফসিলী জাতি ভুক্ত ত্রিপুরার স্থায়ী বাসিন্দা ভারতীয় নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা
ক) ৩ বছর ৬ মাসের নার্সিং (GNM) কোর্স -	উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ। তবে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ছাত্রীদের জন্য সংরক্ষিত।
খ) ২ বছরের D.Pharma কোর্স -	উচ্চ মাধ্যমিক বিজ্ঞান বিভাগ নিয়ে উত্তীর্ণ। ছাত্র এবং ছাত্রী উভয়ের দরখাস্ত বিবেচনা করা হবে।

শর্তাবলী ঃ-

- ১) প্রার্থীকে অবশ্যই ভারতীয় নাগরিক, তফসিলী জাতি এবং ত্রিপুরার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২) প্রার্থীর পিতা-মাতার বাৎসরিক আয় ১ (এক) লক্ষ টাকার বেশী হতে পারবে না।
- ৩) নির্বাচিত প্রার্থীকে নির্ধারিত Institute -এ ভর্তি হতে হবে।
- ৪) তফসিলী জাতি কল্যাণ দপ্তর শুধুমাত্র প্রার্থীর নির্ধারিত Institute -এ ভর্তির এবং হোস্টেলে থাকা ও খাওয়ার নির্ধারিত খরচ বহন করবে। নির্ধারিত খরচের অতিরিক্ত খরচ প্রার্থীকে নিজে বহন করতে হবে।
- ৫) নির্বাচিত Institute -এর নিয়ম অনুসারে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।
- ৬) প্রার্থী নির্বাচন সরকারী সিদ্ধান্ত অনুযায়ী হবে।

দরখাস্তের নিম্নলিখিত তথ্য থাকা বাঞ্ছনীয় ঃ-

- ১) নাম -
- ২) পিতার নাম -
- ৩) স্থায়ী ঠিকানা -
- ৪) বর্তমান ঠিকানা (ফোন নং সহ) -
- ৫) বাৎসরিক আয়ের সার্টিফিকেট (মহকুমা শাসক কর্তৃক) -
- ৬) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা -
- ৭) কোন বিষয় নিয়ে উচ্চ মাধ্যমিক পাশ করেছে -
- ৮) পরীক্ষায় মোট নম্বর / প্রাপ্ত নম্বর -
- ৯) প্রাপ্ত নম্বরের শতকরা হিসাব -
- ১০) মার্ক সীটের প্রত্যায়িত নকল -
- ১১) এ্যাডমিট কার্ডের প্রত্যায়িত নকল -
- ১২) তফসিলী জাতি সার্টিফিকেট প্রত্যায়িত নকল -

ইচ্ছুক যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীগণকে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে উপরে উল্লেখিত বিবরণ অনুসারে আগামী ১০ই জুলাই ২০০৭ ইং তারিখের মধ্যে দরখাস্ত জমা দিতে ইহবে।

website : www.tripurascobcrm.nic.in

অধিকর্তা,
এস.সি. এবং ও.বি.সি. কল্যাণ দপ্তর,
ত্রিপুরা, গোখাবস্তী, আগরতলা।